

০৯ সেপ্টেম্বর ২০২০

## প্রেস বিজ্ঞপ্তি

এসএমই ফাউন্ডেশনের নতুন চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান



০৯ সেপ্টেম্বর ২০২০, বুধবার, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন হিসেবে আনুষ্ঠানিকভাবে যোগদান করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান।

অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান ১৯৮৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ থেকে স্নাতক এবং ১৯৮৯ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর ১৯৯৬ সালে যুক্তরাজ্যের সালফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স এবং ২০১০ সালে যুক্তরাজ্যের ওয়েলস ইন্সটিউট বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি ২০১৭ সাল থেকে ঢাকা স্টক এক্সচেঞ্জের স্বতন্ত্র পরিচালক হিসেবেও দায়িত্ব পালন করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স কমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছেন। তিনি দেশী ও বিদেশী উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান ও বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহে প্রারম্ভিক হিসাবে কাজ করেছেন।

১৭ জুন ২০২০ জনাব কে এম হাবিব উল্লাহ'র মৃত্যুতে ফাউন্ডেশনের চেয়ারপার্সনের পদ শুণ্য হয়। অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমানকে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন হিসেবে নিয়োগ দিয়ে ০৭ সেপ্টেম্বর ২০২০ প্রজ্ঞাপন জারি করে শিল্প মন্ত্রণালয়। উল্লেখ্য, এসএমই ফাউন্ডেশনের ৭ম চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান।

মুহাম্মদ মোরশেদ আলম

সহকারী মহাব্যবস্থাপক

এসএমই ফাউন্ডেশন

০১৭১১১৮৬৭৩৭